

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট
খাদ্য ভবন, ১৬, আব্দুল গনি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নং ১৩.০১.০০০০.১০০.৩২.০১২.১৬.৩২৮

০১ অগ্রহায়ণ, ১৪২৭
তারিখ:-----
১৬ নভেম্বর ২০২০

পরিপত্র

বিষয়: চাল সংগ্রহের বস্তায় স্পষ্ট ডিজিটাল স্টেনসিল প্রদান।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, খাদ্য মন্ত্রণালয়ের ১১/১১/২০২০ খ্রিঃ তারিখের ১৩.০০.০০০০.০৪৩.৩৫.০০৭.১৭.২১৪ নং স্মারক ও ১১/১১/২০২০ খ্রিঃ তারিখের ১৩.০০.০০০০.০৪৩.৩৫.০০৭.১৭.২১৫ নং স্মারকে অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ এর ১৩(গ) অনুচ্ছেদ “মিল থেকে সরাসরি গৃহীত চাল এবং ধান ছাঁটাইয়ের প্রাপ্ত ফলিত চাল, উভয় ক্ষেত্রে মিলার এলএসডি/সিএসডি হতে সরবরাহকৃত খাদ্য অধিদপ্তরের লোগো সম্বলিত বস্তার অপরপিঠে মিলের নাম, উপজেলার নাম, সংগ্রহ মৌসুম (বোরো/আমন), সিদ্ধ/আতপ চাল, এলএসডি/সিএসডি, জেলার নাম ও উৎপাদনের সময় সম্বলিত স্ক্রিন প্রিন্টের তৈরি ডিজিটাল স্টেনসিলের সুস্পষ্ট ছাপ (অক্ষর এবং সংখ্যার আকার কমপক্ষে ১.২৫-১.৫ ইঞ্চি) প্রদান করবেন। ডিজিটাল স্টেনসিলের সুস্পষ্ট ছাপবিহীন খাদ্যশস্য ভর্তি বস্তা কোন গুদামে গ্রহণ করা যাবে না” মর্মে সংশোধন করা হয়েছে।

এমতাবস্থায়, অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ এর ১৩(গ) অনুচ্ছেদের সংশোধনীর আলোকে চাল সংগ্রহের বস্তায় স্পষ্ট ডিজিটাল স্টেনসিল প্রদানের জন্য নিয়োক্ত নির্দেশনা অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো:

- (১) কম্পিউটারে তৈরি স্ক্রিন প্রিন্ট পেপারে মিলের নাম, ঠিকানা, সংগ্রহ মৌসুম (বোরো/আমন), সিদ্ধ/আতপ চাল, এলএসডির নাম, জেলা, উৎপাদনের সময় লিখে ডিজিটাল স্টেনসিল তৈরি করতে হবে;
- (২) স্ক্রিন প্রিন্টের ভিতরের বর্ডারের পরিমাপ হবে ১৬ ইঞ্চি x ১৪ ইঞ্চি। স্টেনসিলের লিখার মূল অক্ষর ও সংখ্যার আকার হবে ১.২৫-১.৫০ ইঞ্চি;
- (৩) কম্পিউটারে তৈরি স্ক্রিন প্রিন্ট পেপার কাঠের ফ্রেমে সংযুক্ত করে ডিজিটাল স্টেনসিল ফ্রেম তৈরি করতে হবে। স্ক্রিন প্রিন্টের উপর রং ঢেলে রাবার যুক্ত কাঠের হ্যান্ডেল দ্বারা ঘষা দিয়ে স্টেনসিল ছাপ প্রদান করতে হবে;
- (৪) স্টেনসিল ছাপ প্রদানের জন্য অমোচনীয় সবুজ রং/কালি ব্যবহার করতে হবে। ০৫ লিটার পানির সাথে ০২ চা চামচ (প্রায় ৩০ গ্রাম) সবুজ পাউডার রং ও ১৫০ মি.লি. সাদা গাম (Acrylic polymer) মিশিয়ে অমোচনীয় সবুজ রংয়ের মিশ্রণ তৈরি করা যেতে পারে। সবুজ রং ব্যতীত অন্য কোন রং/কালি ব্যবহার করা যাবেনা;
- (৫) খাদ্য অধিদপ্তরের লোগো সম্বলিত বস্তার অপরপিঠে ডিজিটাল স্টেনসিল ছাপ প্রদান করতে হবে। বস্তার উপর স্টেনসিল ফ্রেমটি রেখে স্ক্রিনপ্রিন্টের উপর সবুজ রংয়ের মিশ্রণ ঢেলে রাবারযুক্ত কাঠের হ্যান্ডেল দ্বারা ঘষা দিয়ে স্টেনসিল ছাপ প্রদান করতে হবে;
- (৬) চুক্তিবদ্ধ মিলার নিজ খরচে তার মিলের জন্য ডিজিটাল স্টেনসিল তৈরি করবেন এবং এলএসডি হতে সরবরাহকৃত খালি বস্তায় মিল ও এলএসডির ডিজিটাল স্টেনসিল ছাপ প্রদান করেন;

Dal

১

২



৩

(৭) চুক্তিবদ্ধ মিলারকে গুদাম হতে খালি বস্তা সরবরাহের সময় ক্রয়কারী কর্মকর্তা বস্তা উৎপাদনকারী জুট মিলের নাম খামাল কার্ড ও রেজিস্টারে লিখে রাখবেন এবং মিলারের নিকট হতে চাল জমা নেয়ার সময় বস্তার গায়ে জুট মিলের নাম ক্রসচেক করে গুদাম হতে সরবরাহকৃত সরকারি বস্তায় চাল জমাদানের বিষয়টি নিশ্চিত করবেন;

(৮) কোন ক্রয়কেন্দ্রের উপজেলায়/নিকটবর্তী এলাকায় বস্তা প্রিন্ট করার সুবিধা থাকলে, চুক্তিবদ্ধ মিলার ইচ্ছে করলে উপরোক্ত নির্দেশনাসমূহ অনুসরণ করে বস্তায় স্ক্রিনপ্রিন্টের ডিজিটাল স্টেনসিল প্রিন্ট করে নিতে পারবেন;

(৯) নিম্নোক্ত নমুনা মোতাবেক চাল সংগ্রহের ডিজিটাল স্টেনসিল তৈরি করতে হবে:

স্টেনসিল প্রদানের পর



(১০) “খাদ্যশস্য সংগ্রহের বস্তায় ডিজিটাল স্টেনসিল প্রদানের নির্দেশিকা” পরিপত্রের সাথে সংযুক্ত করে দেওয়া হলো। এছাড়া, সংগ্রহের বস্তায় ডিজিটাল স্টেনসিল ছাপ প্রদানের ব্যবহারিক কৌশলের ভিডিও খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটের নিচের দিকে “ফটো ও ভিডিও” অংশে অথবা www.youtube.com এ খাদ্য অধিদপ্তরের চ্যানেল “cnu_dgfood” এ অনুসন্ধান করে ডাউনলোড করে নেওয়া যাবে;

(১১) ডিজিটাল স্টেনসিল ব্যতীত বস্তায় চাল সংগ্রহ করলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।


সারোয়ার মাহমুদ
মহাপরিচালক।

বিতরণ:

- ১) সচিব, খাদ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ২) খাদ্যমন্ত্রীর একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩) অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

- ৫) প্রধান মিলার, সরকারী ময়দা মিল, পোস্তগোলা, ঢাকা।
- ৬) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)
- ৭) সাইলো অধীক্ষক (সকল)
- ৮) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (পরিপত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৯) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)
- ১০) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম/খুলনা।
- ১১) ব্যবস্থাপক (সকল) সিএসডি।
- ১২) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)
- ১৩) এসএন্ডএমও (সকল)..... এলএসডি।
- ১৪) ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল) এলএসডি।
- ১৫) অফিস কপি।

